দৈনিক জনকণ্ঠ

তারিখ ... 17 SEP 1995 ...
পৃষ্ঠা ... ৮ কলাম ... ৬ ...

# ভর্তি সঙ্কট সমাধানে ডবল শিফট চালুর দাবি

জাতীয় ছাত্রলীগের, কেন্দ্রীয় সংসদের সভাপতি আশেক খান, সাধারণ সম্পাদক সুরঞ্জন ঘোষ এক যুক্ত বিবৃতিতে বলেছেন, সরকার প্রস্তাবিত ভর্তিনীতি কলেজ বিশ্ববিদ্যালয়ে ভর্তি সমস্যার কোন সমাধান নয়। নেতৃদ্বয় বলেন, ভর্তিচ্ছু ছাত্রছাত্রীদের তুলনায় আসন সংখ্যার অপ্রতুলতাই ভর্তি সঙ্কটের মূল কারণ। তাঁরা বলেন, ভর্তি সঙ্কট সমাধানের জন্য নতুন কলেজ বিশ্ববিদ্যালয়ের নির্মাণ, আসন সংখ্যা বৃদ্ধি এবং ডবল শিফট চালু করা প্রয়োজন। নেতৃদ্বয় শিক্ষার বেসরকারীকরণ বাণিজ্যিকীকরণ বন্ধ করা এবং কোচিং সেন্টারগুলো তুলে দেয়ার দাবি জানান।